# ইউআইইউতে রিক্রুটমেন্ট ফেয়ার

Dec 11, 2017 7 0

শীর্ষ সংবাদ | বেসরকারি বিশ্ববিদ্যালয় | সর্বশেষ সংবাদ

নিজস্ব প্রতিবেদক

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউ.আই.ইউ) এবং প্রথম আলোর অনলাইন জব পোর্টাল চাকরি ডটকম এর যৌথ উদ্যোগে দুইদিন ব্যাপি ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার এর উদ্বোধনী অনুষ্ঠান আজ (১১ ডিসেম্বর) সোমবার সকাল ১১ টায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়।

ইউ আই ইউ এর ভাইস চ্যান্সেলর (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রথম আলো ডিজিটালের চীফ অপারেটিং অফিসার জনাব এহতেরাম উদ্দিন।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রথম আলো ডিজিটালের এসিসটেন্ট জেনারেল ম্যানেজার স্টিভ এন্থনি জ্যাকব ও ইউ আই ইউ ক্যারিয়ার কাউন্সেলিং সেন্টারের পরিচালক জনাব মঞ্জুরুল হক খান।

মেলায় ব্রাক, বাংলা লিংক, আইডিএলসি, আইপিডিসি, বসুন্ধরা গ্রুপ ও ইউনাইটেড গ্রুপ সহ ৪৪ টি প্রতিষ্ঠান অংশ গ্রহণ করে। এই মেলার মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিষ্ঠান সম্পর্কে স্বচ্ছ ধারণা নিতে পারবে এবং তারা তাদের পছন্দমত প্রতিষ্ঠানে সিভি ড্রপ করতে পারবে।

আলোচকরা ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এই সময়োপযোগি কার্যক্রমকে স্বাগত জানান এবং তারা আশাবাদ ব্যক্ত করেন এই ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক বাজারে চাকুরির চাহিদা পূরনে অনেকখানি সহায়ক ভূমিকা পালন করবে।

সামাজি
50,8
Like
সর্ব
সাব